# ভাষা, অনুবাদ ও সংস্কৃতি চর্চা কেন্দ্র

## Centre for Language, Translation & Culture Studies

## School of Humanities

## Netaji Subhas Open University

*Established By Act (W.B. Act (XIX) of 1997 and Recognised by U.G.C.)*
*Accredited Grade A by NACC*

স্বল্পমেয়াদী পাঠক্রম

# গোয়েন্দাকাহিনি পাঠের ভূমিকা

**Short Term Course**

On

# *Introduction to Detective Fiction*

অনালাইন ভর্তির লিঙ্কঃ https://ums.nsouict.ac.in/admission/forms


উপদেষ্টা

অধ্যাপক মননকুমার মণ্ডল
বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ ও
অধিকর্তা, মানববিদ্যা অনুষদ
নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

কোর্স কো-অর্ডিনেটর

ডঃ অনামিকা দাস
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ
নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়


## ABOUT NSOU

Netaji Subhas Open University (NSOU), a premier State Open University in India, is committed to the mission of imparting quality education to a vast majority of Learners across the State of West Bengal and beyond, started its maiden journey in July,1998. The priority focus of its pedagogy is on the enhancement of the Learners' knowledge in different disciplines in Open and Distance Modes of Learning (ODL). It was established in fulfilment of the Chief Minister's vision of a State Open University of premier status that he articulated in a State Function way back in 1997, the year of Netaji Subhas Bose's birth centenary, with a desire to hallow it in Netaji's revered name and memory. West Bengal State Assembly's

Act-XIX, 1997 was a holistic follow-up to give shape to the-then Chief Minister’s vision, and NSOU was founded in the house of Sarat Chandra Bose’s house in July, 1998. University Grants Commission was prompt enough to recognize NSOU vide Memo No.F.9-2-97, dt.26.08.1998. NSOU came under the ambit of Distance Education Council’s recognition in April, 2008 vide its Memo No.F:DEC/ Recog/2008. As a centre of excellence in ODL (Open and Distance Learning) mode, NSOU was awarded the membership of AIU (Association of India Universities), New Delhi110002. Recently National Council for Assessment & Accreditation (NAAC) has accredited NSOU with Grade A(1st Cycle) as the first State Open University of India.

## ABOUT THE CENTRE

The prime objective of CLTCS (Centre for Language, Translation & Cultural Studies) is the dissemination of the knowledge of language as part of cultural studies, as language is a powerful tool of the individual’s integration with socio-economic hierarchy and self-uplift. The introduction of Online news writing course is a break away from the traditional, long drawn process of learning in close-ended syllabi as followed by all variants of schooling in our country. The open-ended, intensely focussed and interactive mode of learning in PCP models (Personal Contact Programme) is now almost a compulsion of the day. In tune with this perception and objective, CLTCS provides a motivational frame to induct a large cross-section of students and give shape to their dreams. This underscores the fact that a significant number of students in mainstream, conservative academics flounders and is left wayside grovelling as abjectly unemployable burden. NSOU, its University Campus and its Study Centres spread-sheeted all-over West Bengal are dedicated to subserving the needs of an up-and-coming generation of Learners. Its outreach now encompasses a wide range of disciplines from short-term Certificate Courses to Bachelor and Postgraduate Programmes, alongside opening up avenues to Research fields.

## কোর্স সম্পর্কে

বিগত প্রায় দেড় দশক ব্যাপী বিভিন্ন গণমাধ্যমে যে-ধারাটি বিশেষ জনপ্রিয় হয়ে উঠেছে, সেটি হল গোয়েন্দাকাহিনি বা ডিটেকটিভ ফিকশন। ব্যোমকেশ, ফেলুদা, শবর, কাকাবাবু থেকে শুরু করে মিতিন মাসি -- কে নেই সেখানে ? গোয়েন্দাকাহিনির এই জনপ্রিয়তা আজ বিনোদন জগতের গণ্ডি অতিক্রম করেছে । সে অনুপ্রবিষ্ট হয়েছে উচ্চতর শিক্ষাক্ষেত্রেও। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বাংলা স্নাতক ( সিবিসিএস বা চয়েস বেসড্ ক্রেডিট সিস্টেমের ডিএসই বা ডিসিপ্লিন স্পেসিফিক ইলেক্টিভ কোর্সে) কিংবা স্নাতকোত্তর স্তরের পাঠ্যসূচিতে আজ তাই একটি প্রধান অংশ এই গোয়েন্দাকাহিনি।

বর্তমান কোর্সে সাহিত্য ও আর্টের বিভিন্ন আঙ্গিকে গোয়েন্দাকাহিনি পাঠের প্রচেষ্টা থাকবে। অর্থাৎ, অপরাধীর অপরাধ-পদ্ধতি এবং গোয়েন্দার অপরাধী চিহ্নিতকরণ — শুধু এই কৌতূহল নিরশনেই-যে গোয়েন্দাকাহিনি পাঠ সমাপ্ত হতে পারে না; তারই পথপ্রদর্শক হবে এই কোর্স। সেখানে একদিকে থাকবে

গোয়েন্দাকাহিনির উৎস, গঠন, প্রকারভেদ সংক্রান্ত প্রাথমিক পরিচিতিপ্রদান। থাকবে, নগেন্দ্রনাথ গুপ্ত থেকে শুরু করে একালের গোয়েন্দা গিন্নি-সহ বাংলা গোয়েন্দা কাহিনির ক্রমবিবর্তন তথা ভারতীয় গোয়েন্দাকাহিনির একটি সামগ্রিক রূপরেখা। কীভাবে উত্তর-ঔপনিবেশিকতা গোয়েন্দাকাহিনিকে প্রভাবিত করেছে ---- এই কোর্সে সেই আলোচনার সমান্তরালে দেখানো হবে, অপরাধকাহিনি-কেন্দ্রিক বাংলা ও হিন্দি চলচ্চিত্র নির্মাণের আকস্মিক উদ্যোগের প্রেক্ষাপটে-থাকা বিশ্বায়নের রাজনীতি।

অন্যদিকে অপরাধকাহিনির মনস্তাত্ত্বিক পাঠ-সম্ভাবনাকে স্পর্শ করে নির্বাচিত-গোয়েন্দাকাহিনিতে-উল্লিখিত মানবদেহে বিষ-এর প্রভাব রাসায়নিকভাবে কতদূর বাস্তবসম্মত — সেদিকেও আলোকপাত করবে এই কোর্স। গোয়েন্দাকাহিনিতে কীভাবে ইলাস্ট্রেশন ব্যবহৃত হয়, কীভাবেই-ই বা গড়ে ওঠে গোয়েন্দা কাহিনিনির্ভর একটি গ্রাফিক নভেল; অ্যাকাডেমিক শিক্ষাক্ষেত্রে অনালোচিত সেই বক্তব্যের পাশাপাশিই থাকবে স্বল্পালোচিত আরেকটি বিষয়—গোয়েন্দাকাহিনির অনুবাদ, যার ভরকেন্দ্রে থাকবে গোয়েন্দাকাহিনি অনুবাদের সময় কোন্ কোন্ বিষয়ের প্রতি অনুবাদককে সচেতন থাকতে হয়, অনূদিত গোয়েন্দাকাহিনি পাঠের ক্ষেত্রে পাঠক ঠিক কী আশা করেন এবং বাংলা থেকে ইংরিজি ও ইংরিজি থেকে বাংলায় দেশি-বিদেশি বিভিন্ন গোয়েন্দাকাহিনি অনুবাদের সময় সেগুলি কতদূর মূল টেক্সট্-এর রসাস্বাদী হয়ে ওঠে।

পাঠ্যসূচিতে উল্লিখিত বিষয়গুলি নিয়ে আলোচনা করবেন বিষয়-ভিত্তিক বিশেষজ্ঞ ব্যক্তিবর্গ। থাকবেন মনস্তত্ত্ববিদ, রসায়নবিদ, অনুবাদক, চিত্রশিল্পী প্রমুখ।

## পাঠক্রমের উদ্দেশ্য

বর্তমান পাঠক্রমের মূল উদ্দেশ্য মানববিদ্যা ও সমাজবিদ্যায় স্নাতক ও স্নাতকোত্তর স্তরে পাঠরত শিক্ষার্থীদের কোনো একটি আখ্যানমূলক টেক্সট বা কাহিনি-পাঠের সম্ভাব্য দিকগুলি সম্পর্কে সচেতন করে তোলা । গোয়েন্দাকাহিনি সেই পাঠের একটি মাধ্যমমাত্র । সাহিত্যপাঠ মানেই-যে আবেগ-গদ্‌গদ ভাবাস্বাদন নয়, কোনো একটি টেক্সট্-এর সঙ্গে-যে অঙ্গাঙ্গীভাবেই জড়িয়ে থাকে নানাবিধ বিষয় --- সেই বিষয়গুলিকে কীভাবে চিনে নিতে হয়, কীভাবে দীক্ষিত হতে হয় সাহিত্যপাঠে, এই পাঠক্রম তার-ই একটি নমুনামাত্র । কোর্সে অংশগ্রহণকারী কোনো একজন শিক্ষার্থী-ও যদি এই পাঠক্রম-থেকে-প্রাপ্ত জ্ঞানের প্রয়োগে সাহিত্যপাঠের আনন্দলাভের পাশাপাশি সাহিত্য সমালোচনায় ব্রতী হন, সেটিই এই কোর্সের একমাত্র প্রাপ্তি ।

কোর্সের মেয়াদ – আট সপ্তাহ (08 Weeks)

ক্লাসের সময় – সপ্তাহে ২দিন; শনিবার : সন্ধ্যা ৫:৩০ – ৭:৩০ এবং রবিবার : সকাল ১১টা – দুপুর ১টা
শিক্ষণ পদ্ধতি – কেবলমাত্র অনলাইন (জুম প্ল্যাটফর্ম ) Online Zoom Platform
শিক্ষণ ভাষামাধ্যম – বাংলা

**পাঠ্যসূচি** –

**মডিউল ১ : তাত্ত্বিক পরিসর**

একক – ১ : গোয়েন্দাকাহিনি তথা অপরাধকাহিনির সাধারণ পরিচিতি
একক – ২ : বাংলা তথা ভারতীয় গোয়েন্দাকাহিনি
একক – ৩ : গোয়েন্দাকাহিনির অনুবাদ
একক – ৪ : অপরাধের মনস্তত্ত্ব

**মডিউল ২ : সাহিত্যিক প্রয়োগ পরিসর**

একক – ১ : গণমাধ্যমে গোয়েন্দাকাহিনি
একক – ২ : বাস্তব–অবাস্তবের সীমারেখায় গোয়েন্দাকাহিনিপাঠ
একক – ৩ : গোয়েন্দাকাহিনিতে ছবি, ছবিতে গোয়েন্দাকাহিনি
একক – ৪ : নির্দিষ্ট গোয়েন্দাকাহিনির টেক্সটভিত্তিক অনুপুঙ্খ পাঠ

**ন্যূনতম যোগ্যতা** – মানববিদ্যা (হিউম্যানিটিস) ও সমাজবিদ্যার (সোস্যাল সায়েন্সেস)-এর যে-কোনো শাখায় স্নাতক ও স্নাতকোত্তর স্তরে পাঠরত ছাত্রছাত্রী অথবা এই বিষয়ে আগ্রহী যে-কোনো ব্যক্তি।

কোর্সে অংশগ্রহণের প্রক্রিয়া – কেবলমাত্র নির্দিষ্ট লিঙ্কে ক্লিক করে নিবন্ধীকরণ নির্দেশ পূরণ করতে হবে এবং কোর্স-ফি অনলাইন প্রদান করার সাপেক্ষে ভর্তি হওয়া যাবে।

নিবন্ধীকরণ লিঙ্ক : https://ums.nsouict.ac.in/admission/forms

**রেজিস্ট্রেশন ফি** – ৭৫০টাকা (করমূল্যসহ)

**মূল্যায়ন ও শংসাপত্র প্রদান** – সাফল্যের সঙ্গে কোর্স/পাঠক্রম সম্পূর্ণ করার জন্য নিবন্ধীকৃত শিক্ষার্থীর পক্ষে অন্তত আশি শতাংশ ক্লাসে উপস্থিত থাকা বাধ্যতামূলক । অন্তর্বর্তী মূল্যায়ন শেষে সকল সফল শিক্ষার্থীদের ই-সার্টিফিকেট প্রদান করা হবে ।

**https://ums.nsouict.ac.in/admission/forms**

Registration & admission open: 20th December, 2021
Last date of admission by online payment: 12th January, 2022
Commencement of online class: 15th January, 2022